



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/লক্ষীপুর-৪৪/ ২৭৬৮

তারিখঃ ২৯/১১/২০১৭খ্রিঃ


বিষয়ঃ অবহিতকরন প্রসঙ্গে।

M.C.
17800

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, লক্ষীপুর জেলার রামগতি উপজেলাধীন বালুচর ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ আবুল কালাম আজাদ চাকুরিতে পুনর্বহাল করার আদেশ থাকা সত্ত্বেও গভার্ণিং বডি কর্তৃক বাস্তবায়িত না হওয়ায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য আবেদনপত্র বোর্ডে দাখিল করেছেন। এছাড়া উল্লিখিত মাদ্রাসা সংক্রান্ত বিষয়ে রামগতি সহকারী জজ আদালত, লক্ষীপুর-এ দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-১৭/২০১৭ এর কপিও বোর্ডে প্রেরণ করা হয়েছে।

বিস্তারিত পর্যালোচনান্তে মতামত প্রদানের জন্য প্রাপ্ত কাগজপত্র ও মাদ্রাসা সংক্রান্ত নথিটি অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়। বিজ্ঞ আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনান্তে “ মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ আবুল কালাম আজাদকে পুনর্বহাল সংক্রান্ত বোর্ডের সিদ্ধান্ত দীর্ঘদিনেও বাস্তবায়ন না করায় ও বিজ্ঞ আদালত কর্তৃক নথীদৃষ্টে কোন নিষেধাজ্ঞার আদেশ না থাকায় মাদ্রাসার অধ্যক্ষ হিসাবে জনাব মোঃ আবুল কালাম আজাদ দায়িত্ব পালন করবেন” মর্মে মতামত প্রদান করেছেন।

বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতটি সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো।


28.11.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, বালুচর ইসলামিয়া আলিম মাদ্রাসা, রামগতি, লক্ষীপুর।
২) জনাব মোঃ আবুল কালাম আজাদ, অধ্যক্ষ, বালুচর ইসলামিয়া আলিম মাদ্রাসা, রামগতি, লক্ষীপুর।
৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বালুচর ইসলামিয়া আলিম মাদ্রাসা, রামগতি, লক্ষীপুর।

নং-বামাশিবো/প্রশাসন/লক্ষীপুর-৪৪/

তারিখঃ / /২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নিবাহী অফিসার, রামগতি, লক্ষীপুর।
২. জেলা শিক্ষা অফিসার, লক্ষীপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামগতি, লক্ষীপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪